২


দৈনিক বাংলা

তারিখ 20 MAY 1995
পৃষ্ঠা ৮ কলাম ৪


# শিক্ষা কর্মসূচী সফল করতে এগিয়ে আসুন প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বর্তমান গণতান্ত্রিক সরকারের গৃহীত শিক্ষা কর্মসূচী সামগ্রিকভাবে সফল করার জন্য সকলের বিশেষ করে সেবাধর্মী সংগঠনগুলোর সহযোগিতা কামনা করেছেন। তিনি বলেন, সরকার একা দেশের প্রতিটি নাগরিককে শিক্ষা দেওয়ার এই বিশাল কাজ গ্রহণ করতে পারে না। আমি আশা করি, লায়ন্স ক্লাবের সদস্যরা শিক্ষার ওপর আরও জোর দেবেন।

প্রেসিডেন্ট বিশ্বাস শুক্রবার হোটেল সোনারগাঁতে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল জেলা '৩১৫-এ-এর তিনদিনব্যাপী অষ্টম বার্ষিক কনভেনশনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর বাসস'র।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জেলা গবর্নর ফকির আশরাফ, কনভেনশনের চেয়ারম্যান মাহতাবউদ্দীন আহমেদ, ভাইস জেলা গবর্নর সৈয়দ নাসির হোসেন এবং রফিউদ্দিন ভুইয়াও বক্তৃতা করেন।

প্রেসিডেন্ট বিশ্বাস শিক্ষার উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত কর্মসূচীর কথা উল্লেখ করে বলেন, লায়নরা এইসব কর্মসূচীকে সফল করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন।

তিনি বলেন, সমাজের সচ্ছল শ্রেণীর লোকেরা লায়ন্স ক্লাবের সদস্য। প্রেসিডেন্ট আশা প্রকাশ করে বলেন, সমাজের অবহেলিত ও দুর্দশাগ্রস্ত মানুষের অবস্থার পরিবর্তনে বিত্তবানরা মুক্তমন নিয়ে এগিয়ে আসবেন।